উপজেলা পরিষদ

বাজিতপুর, কিশোরগঞ্জ

বিষয় ঃ বাজিতপুর উপজেলা পরিষদের ৩৩৩তম মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ।

স্থান ঃ উপজেলা পরিষদে হলরুম।

তারিখ ঃ ২০ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ, সময়ঃ বেলা ১১.০০ টা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হয়েছে।

সভার প্রারম্ভে সভার সম্মানিত সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত নবাগত সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে ও সকল দপ্তরের প্রধানগণকে এবং পরিষদের সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের ডিসেম্বর/২০২১ মাসের কার্যক্রম নিম্নোক্ত ক্রমানুযায়ী বিস্তারিতভাবে আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
০১	উপজেলা স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান, কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম যথারীতি চলছে। এ পযন্ত বাজিতপুর উপজেলায় ১৮ বছরের উর্ধ্বে জনসংখ্যার প্রায় ১,৯০,০০০ জনকে ভ্যাকসিন দেয়া হয়েছে। আরো প্রায় ১,০০,০০০ জন বাকী আছে। তিনি ভ্যাকসিন গ্রহণে জনগণকে উদ্বুদ্ধ করতে ইউনিয়ন পরিষদের সদস্য, গ্রামপুলিম এবং সকল মসজিদের ইমামগণের মাধ্যমে প্রচারণা চালানোর জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোদ জানান। তিনি আরো জানান যে, গত ০৮.০১.২০২২ তারিখ থেকে কোভিড-১৯ এর বুস্টার ডোজ দেয়া শুরু হয়েছে। এছাড়াও ১২-১৮ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের মধ্যে ১৪৭০০ জনকে ফাইজার ভ্যাকসিন দেয়া হয়েছে। বাকী ছাত্র/ছাত্রীদের সংখ্যা অতিদ্রুত স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। তিনি আরো জানান যে, রাতে হাসপাতালের কিছু জায়গায় আলোর স্বল্পতা থাকায় বখাটেদের আড্ডা হয়। তাই এ সব স্থানে সোলার লাইট স্থাপনের ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তাছাড়া হাসপাতালের অন্যান্য সকল কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে বলে তিনি সভায় জানান।	১। ভ্যাকসিন গ্রহণে জনগণকে উদ্বুদ্ধ করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ তার ইউনিয়ন পরিষদের সদস্য, গ্রামপুলিম এবং সকল মসজিদের ইমামগণের মাধ্যমে প্রচারণা চালাবেন। ২। শিক্ষার্থীদের সকলকে ভ্যাকসিনেশনের আওতায় আনতে হবে। ভ্যাকসিন গ্রহণ করেনি এমন শিক্ষার্থীদের তালিকা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণ করবেন।	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাজিতপুর। ২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, বাজিতপুর।
২	উপজেলা প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, আগামী ০৬.০২.২০২২ তারিখে বাজিতপুর ডাকবাংলোর মাঠে প্রাণি প্রদর্শনি অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে তিনি সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান।	আগামী ০৬.০২.২০২২ তারিখে ডাকবাংলোর মাঠে প্রাণি প্রদর্শনি অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাজিতপুর।
৩	উপজেলা মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মাইজপাড়া খাস পুকুরটি পলি পড়ে ভরাট হওয়ার উপক্রম হয়েছে। তিনি উক্ত পুকুরটি খনন করা জরুরি বলে সভায় অবহিত করেন। তার দপ্তরের আরডি প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে পুকুরটি খনন করা হবে মর্মে তিনি জানান। এছাড়াও তিনি এ উপজেলায় একটি স্থায়ী মৎস্য অভয়াশ্রম স্থাপনের জন্য ইজারাবিহীন জলাশয়ের প্রস্তাব দেয়ার অনুরোধ জানান। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে মর্মে সভায় জানান।	১। সরকারি খনন প্রক্রিয়া অনুসরণ করে পুকুর খনন কাজ পরিচালনা করতে হবে। ২।এ উপজেলার সরারচর ইউনিয়নের পাবিয়াদহ জলাশয়কে স্থায়ী মৎস্য অভয়াশ্রম হিসেবে স্থাপনের জন্য নীতিমালা অনুসারে প্রস্তাব উত্থাপনের জন্য অনুরোধ জানানো হলো।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, বাজিতপুর।
৪	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে বোরো ধান রোপন কার্যক্রম অব্যাহত আছে। তাছাড়া রবিশস্য বপন করা হয়েছে। বর্তমানে রাসায়নিক ইউরিয়া, ডিএমপি, টিএসপি পর্যাপ্ত মজুদ থাকলেও এমওপি সারের মজুদ পর্যাপ্ত নয় মর্মে তিনি সভায় জানান। তিনি এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের	ফসল উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনে বিভিন্ন ধরণের সারের প্রয়োজনীয় মজুদ নিশ্চিত করতে হবে। তাছাড়াও ফসল উৎপাদনে কৃষকদের সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে।	উপজেলা কৃষি কর্মকর্তা, বাজিতপুর।

CamScanner

		সহযোগিতা কামনা করেন। সরিষা, ভুট্টা, বোরো ধান চাষে প্রণোদনা দেয়া হয়েছে মর্মে তিনি সভায় জানান। তাছাড়া তিনি তার দপ্তরের সার্বিক কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন।		
৫	উপজেলা প্রকৌশলী বিভাগ	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের বিভিন্ন ভবন কনডেম ঘোষণার লক্ষ্যে নিম্নোক্তভাবে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে: ১। উপজেলা পরিষদের সরকারি কোয়ার্টার 'রূপালী' এবং 'চৈতালী' ভবনের প্রাক্কলন যথাক্রমে ৩,১২,০৯১/- এবং ৩,১৪,৪৩৩/- । ২। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন নির্মাণের প্রাক্কলন- ১,৫৯,৯৩,৮২৩/- । ৩। উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের কার্যালয় মেরামত ও একটি Attached Toilet নির্মাণ- ৫,০০,০০০/- ৪। উপজেলা পরিষদের সরকারি কোয়ার্টার শ্যামলী-১ ও শ্যামলী-২ এর মেরামতের জন্য যথাক্রমে ২,০০,০০০/- এবং ২,০০,০০০/- প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এছাড়াও তিনি এ উপজেলার সকল নতুন রাস্তা গেজেটভুক্ত করার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান যে, রাস্তার পার্শ্বে পুকুর খনন করলে ৫ফুট দূরে খনন করতে হবে। পুকুরটি রাস্তা সংলগ্ন হলে পুকুর মালিক নিজ খরচে প্যালাসাইডিং করে দিতে হবে।	১। উপজেলা পরিষদের বিভিন্ন ভবন কনডেম ঘোষণার লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক ১ ও ২নং ক্রমিকে উল্লিখিত প্রাক্কলন অনুমোদনের জন্য জেলা প্রশাসক, কিশোরগঞ্জ মহোদয় বরাবর প্রেরণ করতে হবে। ২। ৩নং ও ৪নং ক্রমিকে উল্লিখিত প্রাক্কলন মোতাবেক প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। ৩। উপজেলা প্রকৌশলী এ উপজেলাধীন সকল রাস্তা গেজেটভূক্ত করার ব্যবস্থা গ্রহণ করবেন। ৪। রাস্তার পার্শ্বে অবস্থিত পুকুরের পাড় পুকুল মালিক নিজ খরচে প্যালাসাইডিং করে দিবেন।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর। ৩। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর। ৪। সংশ্লিষ্ট পুকুর মালিক, বাজিতপুর।
৬	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডিসেম্বর/২১খ্রি. মাসের কার্যক্রম ইউনিয়ন ভিত্তিক উপস্থাপন করেন- স্থায়ী পদ্ধতি ডিসেম্বর/২১: মহিলা-২৫জন, পুরুষ-নাই। দীর্ঘমেয়াদী পদ্ধতি: ইমপ্ল্যানন-৭৫জন, আইইউডি-২৮জন, অস্থায়ী পদ্ধতি (বিতরণ): খাবার বড়ি (সুখী সেকেন্ড জেনারেশন)-৭৪১ চক্র, খাবার বড়ি: (সুখী থার্ড জেনারেশন)- ১১৮১০ চক্র, খাবার বড়ি: (আপন) ২৯৩ চক্র, কনডম: ১৬১৮৬ পিস, ইনজেকশন: ৭৩৪ ভায়াল। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক ডেলিভারীর সংখ্যা ২৮টি। সি.এ.বি.এ/পরিবার কল্যাণ সহকারী দ্বারা বাড়িতে ডেলিভারীর সংখ্যা ৩০টি। এছাড়া আরও গর্ভবর্তী, প্রসূতি সেবা, কিশোর-কিশোরী, ০-৫ বছরের শিশু সেবা, সাধারণ রোগী, জন্ম নিয়ন্ত্রণ সেবাসহ পরিবার পরিকল্পনা অন্যান্য সেবা প্রদান করা হয়েছে।	সেবা প্রদান কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাজিতপুর।
৭	উপজেলা খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, চলতি আমন সংগ্রহ কার্যক্রম চলমান আছে। বাজিতপুর উপজেলায় ৮৯৫.৩২০ মে. টন হতে ২০ জানুয়ারি ২০২২ পর্যন্ত ৪২২.৪১ মে. টন সংগ্রহ করা হয়েছে। ধান সংগ্রহে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করা সত্ত্বেও কৃষকগণের সাড়া পাওয়া যাচ্ছে না বিধায় ধান সংগ্রহ কার্যক্রম অদ্যাবধি শুরু করা যায়নি। এছাড়া করোনা পরিস্থিতিতে চাল ও আটার বাজার দর সহনীয় রাখার নিমিত্তে ২০ জানুয়ারি ২২খ্রি. থেকে বিশেষ ওএমএস কার্যক্রম পরিচালিত হবে।	বাজার দর সহনীয় রাখতে ওএমএস কার্যক্রম স্বার্থকভাবে পরিচালনা করতে হবে। ধান চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনে আন্তরিক প্রচেষ্টা জোরালো করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাজিতপুর।
০৮	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ২০২২ শিক্ষাবর্ষে বাজিতপুর উপজেলায় মাধ্যমিক স্তরে পাঠ্যপুস্তকের চাহিদা ছিল ৩,৩৭,৬৭৮টি, এ যাবৎ প্রাপ্ত ৩,২২,৯৪৮টি। দাখিলস্তরের চাহিদা ছিল ১৪,৪২৫টি, প্রাপ্ত পাঠ্যপুস্তক ১০,২৫০টি এবং এবতেদায়ী স্তরে চাহিদা ছিল ৮,৬০০টি, প্রাপ্ত পাঠ্যপুস্তক ৮,৬০০টি। সকল পাঠ্যপুস্তক প্রায় ৯০% বিতরণ সম্পন্ন হয়েছে এবং বাকি পুস্তক প্রাপ্তির সাথে সাথে বিতরণ করা হবে। তিনি আরো জানান যে, ৫০তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষ ক্রীড়া সমিতির শীতকালীন খেলাধুলা চলমান রয়েছে। আগামী ২৩.০১.২০২২ এবং ২৪.০১.২০২২ তারিখে উপজেলা পর্যায়ে খেলাধুলা শেষ হবে। এছাড়াও তিনি আরো জানান, ১২-১৮ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম প্রথম ধাপে শেষ হয়েছে। এ পর্যন্ত অত্র উপজেলায় ২২টি মাধ্যমিক স্কুল এবং স্কুল এন্ড কলেজে সর্বমোট ১৪৮৫৬ জন শিক্ষার্থীকে ১ম ডোজ টিকা দেয়া হয়েছে। এর মধ্যে ছাত্র ৬৭৫৪ জন এবং ছাত্রী ৮১০২ জন। মাদ্রাসা এবং	১। করোনা সংক্রমণকালে সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শিক্ষা ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। ২। শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শীতকালীন খেলাধুলা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। ৩। সকল শিক্ষার্থীদের টিকার আওতায় আনতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাজিতপুর।

CamScanner

<table>
<tr><td></td><td></td><td>কারিগরিসহ পাঁচটি প্রতিষ্ঠান এবং মাধ্যমিক বিদ্যালয়ের আরও ২৮৫১ জন শিক্ষার্থীর জন্য টিকার চাহিদা দেয়া হয়েছে।
তিনি আরো বলেন, অত্র উপজেলার স্কুল, কলেজ ও মাদ্রাসা পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। ছাত্র/ছাত্রীদের কারিগরি শিক্ষায় উদ্বুদ্ধ করার নিমিত্ত প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে মাসিক সভায় আলোচনা করা হয়েছে।
তাছাড়াও তিনি জানান, আগামী ২২-২৮ জানুয়ারি সকল প্রাথমিক, মাধ্যমিক বিদ্যালয়ে সপ্তাহ ব্যাপি ক্ষুদে ডাক্তার কার্যক্রম চলবে। এছাড়া তার কার্যালয়ের বিভাগীয় সকল কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান রয়েছে বলেও সভাকে অবহিত করেন।</td><td></td><td></td></tr>
<tr><td>০৯</td><td>উপজেলা শিক্ষা অফিসার</td><td>উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ২০২২ শিক্ষাবর্ষের জন্য ১০০% নতুন বই পাওয়া গেছে এবং শতভাগ শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে বই সরবরাহ করা হয়েছে। প্রাক-প্রাথমিক থেকে সকল শ্রেণিতে জরিপকৃত শিক্ষার্থীদের ভর্তি চলছে। জানুয়ারি-এপ্রিল/২০২২ সময়ের জন্য সাপ্তাহিক রুটিন এবং পাঠ পরিকল্পনা অনুযায়ী সীমিত পরিসরে শ্রেণি কার্যক্রম চলছে। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট/২০২২, ২০-৩০ জানুয়ারি সময়ের মধ্যে ইউনিয়ন পর্যায়ে এবং ১-১০ ফেব্রুয়ারি/২২ উপজেলা পর্যায়ে সম্পন্ন করার কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। ৩১ জানুয়ারি/২০২২ এর মধ্যে বিদ্যালয়ে ভর্তিকৃত সকল শিক্ষার্থীর শতভাগ স্কুল ড্রেস নিশ্চিত করা হবে।</td><td>করোনাকালীন শিক্ষা কার্যক্রমসহ বিদ্যালয়ের সকল প্রকার কার্যক্রম সরকারি নির্দেশনা অনুযায়ী পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা শিক্ষা অফিসার, বাজিতপুর</td></tr>
<tr><td>১০</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর</td><td>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের" আওতায় এ উপজেলায় মোট ২৮৬টি গভীর নলকূপ এবং ১৮টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট (সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ/পানির উৎস) বরাদ্দ পাওয়া গিয়েছে।উক্ত কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিটগুলো ঘনবসতিপূর্ণ এলাকায় স্থাপন করতে হবে এবং ৮/১০টি পরিবার এ সংযোগ প্রদান করে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা রাখতে হবে মর্মে তিনি জানান। বরাদ্দকৃত নলকূপের ৫০% স্থান স্থানীয় মাননীয় সংসদ সদস্য মহোদয় কর্তৃক অনুমোদিত এবং ৫০% স্থান তালিকা উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ কর্তৃক নির্বাচন করে উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে। প্রেরিত স্থান তালিকা উপজেলা ওয়াটসন কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে।উক্ত বরাদ্দকৃত নলকূপসমূহ উপজেলা ওয়াটসন কমিটির মাধ্যমে বিভাজন করতে সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>সরকারি নির্দেশনা মোতাবেক গভীর নলকূপ, কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট-এর বিভাজন, স্থাপন কার্যক্রম পরিচালনা করতে হবে।</td><td>১। মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-০৫।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর।
৩। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাজিতপুর।
৪। চেয়ারম্যান, সকল ইউপি, বাজিতপুর।</td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় অফিসার জানান যে, বাজিতপুর উপজেলার অডিটযোগ্য সমবায় সমিতি সংখ্যা ১০৭টির মধ্যে বিগত মাস পর্যন্ত ৫১টি সমবায় সমিতির অডিট সম্পাদন করা হয়েছে। বাজিতপুর কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর ২০২০-২০২১ অর্থবছরের ধার্যকৃত অনাদায়ী নিরীক্ষা ফি ১৪০০/- টাকা, ভ্যাট ২২১/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ৪১৯/- টাকা আদায় করে সংশ্লিষ্ট খাতে পরিশোধ করা হয়েছে। তাছাড়া সমবায় বিভাগীয় ২৫টি প্রাথমিক সমবায় সমিতি নিরীক্ষা ফি ৪৯১৫০/-টাকা, ভ্যাট ৭৩৭৯/-টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ১৪,৮৫৪/- টাকা আদায় করে সংশ্লিষ্ট খাতে পরিশোধ করা হয়েছে। ২০২০-২০২১ বর্ষের লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণ ১০০জন সমবায়ীর মধ্যে প্রদান করা হবে। ইতোমধ্যে ০১টি প্রশিক্ষণের মাধ্যমে ২৫জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক যথানিয়মে হচ্ছে।</td><td>বাজিতপুর উপজেলাধীন সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, বাজিতপুর।</td></tr>
<tr><td>১২</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি তার কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নোক্তভাবে উপস্থাপন করেন-<table><tr><th>ক্রম</th><th>বিবরণ</th><th>টাকা/জন</th><th>মন্তব্য</th></tr><tr><td>১</td><td>মূল ঋণ তহবিল</td><td>২৫৩৮৮০০</td><td></td></tr><tr><td>২</td><td>মোট ঋণ তহবিল</td><td>৭৩৬১৬৭১</td><td></td></tr><tr><td>৩</td><td>মূল ঋণ বিতরণ</td><td>৩৪৮৮৬০০০</td><td></td></tr><tr><td>৪</td><td>মূল ঋণ আদায়</td><td>২৮৩৮৭২৫৯</td><td></td></tr><tr><td>৫</td><td>আদায়ের হার</td><td>৯০%</td><td></td></tr></table></td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাজিতপুর।</td></tr>
</table>

CS CamScanner

৬	মোট খেলাপী ঋণ	২২৮৩৩৫০	খেলাপী আদায় ৬৯৯০০/-
৭	মোট উপকারভোগীর সংখ্যা	৯৭৮ জন	
৮	চলমান উপকারভোগীর সংখ্যা	৩০৩ জন	
৯	মোট ঋণ সংখ্যা	১৪৬৩ জন	
১০	মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা	৬৫১২ জন	
১১	মোট আত্নকর্মী সংখ্যা	৪৫৬৮ জন	
১২	অনুমোদিত জনবল	০৭ জন	
১৩	বিদ্যমান জনবল	০৫ জন	

১৩	পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বাজিতপুর সভায় জানান যে, তার মোট সমিতির সংখ্যা- ৩২৪টি, মোট উপকারভোগীর সংখ্যা- ১৪৩৫৯জন, জমাকৃত সঞ্চয়ের পরিমাণ ৫.৮৭ লক্ষ টাকা, মোট ঋণ বিতরণ ৩৯৩২.৭৭ লক্ষ টাকা, ঋণ আদায় ২৩৪৬.৭৯ লক্ষ টাকা, আদায়ের হার ৬৫%, মাঠে পাওনা ঋণ ১৯৪২.৬৬ লক্ষ টাকা, খেলাপী ঋণের হার ৪৮%। অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে পরিচালনার প্রচেষ্টা বিদ্যমান। উল্লেখ্য যে, কর্মসৃজন ঋণ বাবদ প্রাপ্ত ৬৯.০০ লক্ষ টাকা হতে ইতোমধ্যে ৩৫.২৫ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে।	ঋণ দান ও ঋণ আদায় কার্যক্রমে গতি বৃদ্ধি করতে হবে।তাছাড়া সমিতিসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে।	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বাজিতপুর
১৪	উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় ১১টি ইউনিয়নের ভিজিডি কর্মসূচীর ২০২১-২০২২ চক্রের ডিসেম্বর/২১ মাসের ভিজিডি খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। তিনি আরো জানান, মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণের ১৩তম ব্যাচের ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ক্লাশ শুরু হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরের দরিদ্র মা'র জন্য মাতৃত্ব ভাতা ভাতাভোগীদের নিজ নিজ হিসাব নম্বরে টাকা প্রেরণ করা হচ্ছে। বাজিতপুর পৌরসভার কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল এর ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নতুন ভাতাভোগীর নিজ নিজ হিসাব নম্বরে টাকা প্রেরণ করা হচ্ছে। বাজিতপুর উপজেলায় নারী নির্যাতন সংক্রান্ত আদালত হতে কোন মামলা পাওয়া যায়নি। স্থানীয়ভাবে ০১টি পাওয়া গিয়েছে। মামলাটির তদন্তের জন্য নোটিশ প্রেরণ করা হয়েছে। এছাড়া ডিসেম্বর/২১ মাসে কোন বাল্যবিবাহের সন্ধান পাওয়া যায়নি। বাজিতপুর উপজেলার ১১টি ইউনিয়নে ১১টি ও পৌরসভায় ১টিসহ মোট ১২টি কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। যা ছুটির দিন শুক্রবার ও শনিবার ক্লাশ করানো হয়।	১। খাদ্য শস্য ও ভাতা বিতরণ কার্যক্রম, মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণসহ যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনা করতে হবে। ২। আদালত হতে নারী নির্যাতন সংক্রান্ত যে কোন মামলা পাওয়া গেলে তা নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে তদন্তপূর্বক মামলা নিষ্পত্তিতে ভূমিকা রাখতে হবে। ৩। বাল্যবিবাহ বিষয়ে জনপ্রতিনিধিদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। ৪। কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বাজিতপুর।
১৫	তথ্য আপা প্রকল্প	তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প সভায় জানান যে জানুয়ারি/২২ মাসে ২০০জন সেবা গ্রহিতাকে তথ্যকেন্দ্রে সেবা দেওয়া হয়েছে। তথ্যকেন্দ্র হতে ব্লাড প্রেশার, ডায়াবেটিস, উচ্চতাসহ ওজন, পালস ইত্যাদি পরীক্ষা করা হয়। এ ছাড়াও ই-কমার্স উপজেলা সরকারি সেবাসমূহ সহজলভ্যতা, ভিডিও কনফারেন্স, শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা জেন্ডার এবং কৃষি বিষয়ক বিভিন্ন সেবা প্রদান করা হয়। তাছাড়া ডোর টু ডোর এর মাধ্যমে সেবা প্রদান করা হয় ডোর টু ডোর সেবার মাধ্যমে মহিলাদেরকে ল্যাপটপ ব্যবহারের মাধ্যমে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার এবং কৃষি বিষয়ক বিভিন্ন সমস্যার সমাধান এবং উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলার সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তার সাথে সেবা গ্রহীতার কথোপকথনের মাধ্যমে সমস্যার দ্রুত ও কার্যকারী সমাধানে সহায়তা করা হয়ে থাকে। জানুয়ারি/২২ মাসে ৪টি উঠান বৈঠক আয়োজন করার নির্দেশনা পাওয়া গেছে। প্রতিটি উঠান বৈঠকে ৫০জন মহিলা অংশগ্রহন করে থাকে। উঠান বৈঠকে মহিলাদের জীবন ও জীবিকা সম্পর্কিত বিভিন্ন বিষয় যেমন: স্বাস্থ্যগত সমস্যা, বাল্যবিবাহ, ফতোয়া, নারীর বিরুদ্ধে সহিংসতা, চাকরি সংক্রান্ত তথ্য, আইনগত সমস্যা এবং ডিজিটাল সেবাসমূহের নানাদিক সম্পর্কে আলোচনা করা হয়।	সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করতে হবে।	তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, বাজিতপুর।
১৬	দুর্যোগ ও ত্রাণ শাখা	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে প্রথম পর্যায়ে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী	১। অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী, টিআর, কাবিটা ও কাবিখার	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাজিতপুর।

CamScanner

		কাজ চলমান। টিআর, কাবিটা ও কাবিখার ১ম পর্যায়ের কাজ চলমান। ২য় পর্যায়ের ৩২,৯১,৮৮২.৭১/- টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। যার বিভাজন প্রক্রিয়া চলমান। এছাড়াও তিনি জানান যে, মুজিববর্ষের ৩য় পর্যায়ে সরারচর ইউনিয়নে ১৩টি ঘরের নির্মাণ কাজ চলমান রয়েছে।	১ম পর্যায়ের কাজ নিয়মিত পরিদর্শন করতে হবে। ২। মুজিববর্ষের গৃহ নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।	
১৭	বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় বর্তমানে বোরো মৌসুমে সেচ কার্য পরিচালনার জন্য দ্রুত সহযোগিতা প্রদানের নিশ্চয়তা প্রদান করেন। তিনি অবৈধ বিদ্যুৎ সংযোগের বিষয়ে সচেতন থাকার জন্য সকলকে অনুরোধ জানান। তিনি বকেয়া বিল পরিশোধের জন্য বিভিন্ন দপ্তরের প্রধানদের অনুরোধ জানান। তিনি রাস্তা রাস্তা সংলগ্ন ট্রান্সফর্মার দ্রুত অপসারণ করে দিবেন মর্মে জানান।	স্ব স্ব দপ্তর প্রধানগণ তাদের নিজ নিজ দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করবেন।	সকল দপ্তর প্রধান, বাজিতপুর।
১৮	ইউডিএফ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প	ইউডিএফ সভায় জানান যে, ৫ম ধাপের অবকাঠামোর প্রজেক্ট প্রপোজাল পিএমইউতে পাঠানোর জন্য কাজ চলছে। ৪র্থ ধাপের বিলের কাজ চলছে। ৫ম ধাপের সিডি পাশ হয়েছে। তিনি জানান, উপজেলা কমিটির মিটিংগুলো নিয়মিত হচ্ছে না। তিনি মিটিংগুলো যথাযথভাবে আয়োজন করার জন্য কমিটির সভাপতি ও স্ব স্ব ডিপাটমেন্টকে অনুরোধ করেন।	উপজেলা কমিটির সভাসমূহ নিয়মিত আয়োজন করতে হবে।	কমিটির সভাপতি ও স্ব স্ব দপ্তর প্রধান, বাজিতপুর।
১৯	চেয়ারম্যান, হুমাইপুর ইউপি	চেয়ারম্যান, হুমাইপুর ইউপি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভায় বলেন তার ইউনিয়নে জন্ম নিবন্ধন কাজে স্থবিরতা দেখা দিয়েছে। ইন্টারনেট খুবই ধীরগতি সম্পন্ন। তিনি জন্ম নিবন্ধন সংশোধনীর কাজ দ্রুত করার জন্য অনুরোধ জানান।	নির্ধারিত সময়ের পূর্বে জন্ম নিবন্ধন সংশোধন করা হয়। বিষয়টি ইউনিয়ন পরিষদ হতেও সমন্বয় করা প্রয়োজন।	চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর।
২০	চেয়ারম্যান, দিলালপুর ইউপি	চেয়ারম্যান, দিলালপুর ইউপি সভায় জানান যে, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ ছাত্র/ছাত্রীদেরকে জন্ম নিবন্ধন সংশোধন করে নেয়ার জন্য চাপ সৃষ্টি করে মানসিকভাবে তাদের হয়রানি করছেন। প্রধান শিক্ষকগণ যাতে এ ব্যাপারে চাপ না দেয়, এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে অনুরোধ জানান।	সিআরভিএস কার্যক্রম বাস্তবায়নের সময় বৃদ্ধি করা হয়েছে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাজিতপুর।
২১	চেয়ারম্যান, বলিয়ারদী ইউপি	চেয়ারম্যান, বলিয়ারদী ইউপি সভায় জানান যে, বলিয়ারদী ইউনিয়ন পরিষদ ভবনের চারপাশ দিয়ে অবৈধভাবে পিডিবির বৈদ্যুতিক লাইন স্থাপন করা হয়েছে। ফলে বিভিন্ন সময়ে দূর্ঘটনা ঘটছে। তাই বড় ধরণের কোন দূর্ঘটনার কবলে পড়ার পূর্বেই তা জরুরিভিত্তিতে অপসারণ করার জন্য তিনি প্রশাসনের মাধ্যমে উক্ত দপ্তরের প্রধানকে অনুরোধ জানান। তাছাড়া বলিয়ারদী ইউনিয়ন পরিষদের পুরাতন ভবনটি জরাজীর্ণ হওয়ায় উক্ত ভবনটি পরিত্যাক্ত ঘোষণা করে উক্ত স্থানে একটি গণশৌচাগার নির্মাণের জন্য সভায় প্রস্তাব করেন।	১। নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) বলিয়ারদী ইউনিয়ন পরিষদ ভবনের চারপাশে পিডিবি'র বৈদ্যুতিক লাইন স্থাপনের বিষয়টি তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করবেন। ২। উপজেলা প্রকৌশলী বলিয়ারদী ইউনিয়ন পরিষদের পুরাতন ভবনটি পরিদর্শনপূর্বক করণীয় নির্ধারণ করবেন।	১। নির্বাহী প্রকৌশলী, বিউবো, বাজিতপুর। ২। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর।
২২	চেয়ারম্যান, সরারচর ইউপি	চেয়ারম্যান, সরারচর ইউপি সভায় জানান যে, জন্ম নিবন্ধন কার্যক্রমে সার্ভারের ধীরগতি সংক্রান্ত জটিলতায় জনগণ ভোগান্তির শিকার হচ্ছেন। তাছাড়া জন্ম নিবন্ধনে ভুলভ্রান্তি থাকায় তা সংশোধনের ব্যাপারেও জনগণ ভোগান্তির মধ্যে পড়ছে। তিনি এ সকল জটিলতা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	জন্ম নিবন্ধন সার্ভারের ধীরগতির বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ অবগত আছেন।	চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর।
২৩	চেয়ারম্যান, হিলচিয়া ইউপি	চেয়ারম্যান, হিলচিয়া ইউপি সভায় জানান যে, রাস্তার পার্শ্বে লোকজন পুকুর খনন করায় রাস্তার ভাঙ্গন রোধ করা যাচ্ছে না। তাই তিনি রাস্তার পার্শ্বে পুকুর খনন বন্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রশাসনের নিকট অনুরোধ করেন।	উপজেলা প্রকৌশলীর কার্যালয় হতে এ বিষয়ে পুকুর মালিকদের পত্র প্রেরণ করা হয়েছে।	উপজেলা প্রকৌশলী, বাজিতপুর।
২৪	চেয়ারম্যান, দিঘিরপাড় ইউপি	চেয়ারম্যান, দিঘিরপাড় ইউপি জানান যে, বিভিন্ন দপ্তর থেকে বিভিন্ন পত্র তার কাছে যায় যা যাচাই বাচাই করে ব্যবস্থা গ্রহণের মতো সময় দেয়া হয় না। কিছু সময় দিয়ে পত্র প্রেরণ করলে প্রকৃত বিষয়টি যাচাই বাচাই করে সঠিক তথ্য প্রেরণ করা যাবে বলে তিনি সভায় অভিমত ব্যক্ত করেন।	প্রয়োজনীয় সময় দিয়ে ইউপিতে পত্র প্রেরণ করতে হবে।	দপ্তর প্রধান (সকল), বাজিতপুর।
২৫	চেয়ারম্যান, পিরিজপুর ইউপি	চেয়ারম্যান, পিরিজপুর ইউপি জানান যে, প্রতিটি ইউনিয়নে জন্মসনদে বয়স একটি আর সার্টিফিকেটে জন্ম তারিখ অন্যটি। ফলে জনগণ চরম ভোগান্তির শিকার হচ্ছেন। এ বিষয়ে তিনি দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের দাবি জানান। তাছাড়া তিনি ১৪২৮ বাংলা সনের হাট-বাজার ইজারা মূল্যের ১৫% খাত হতে তার ইউনিয়নের প্রাপ্য বরাদ্দ দ্বারা বাজার উন্নয়নে কিছু প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন।	জন্ম নিবন্ধন সম্পাদন সম্পন্ন করে শিশুরা স্কুলে ভর্তি হয়। স্কুল কর্তৃপক্ষকে জন্ম নিবন্ধন যাচাই করে রেজিস্ট্রেশনসহ অন্যান্য শিক্ষা কার্যক্রমে সঠিক তথ্য উপস্থাপন করতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, বাজিতপুর।

৫০/

CamScanner

২৬	চেয়ারম্যান, মাইজচর ইউপি	চেয়ারম্যান, মাইজচর ইউপি জানান যে, তার ইউনিয়নটি হাওড় এলাকায় অবস্থান করায় পুরো ইউনিয়নের কোথাও কোন পাকা রাস্তা নেই। তাই তিনি তার ইউনিয়নের রাস্তাঘাট উন্নয়নে পদক্ষেপ গ্রহণের জন্য সভায় সংশ্লিষ্টদের অনুরোধ করেণ।	মাইজচর ইউনিয়নের জনগুরুত্বপূর্ণ রাস্তাঘাট সরেজমিন পরিদর্শনপূর্বক উপজেলা প্রকৌশলী পরবর্তী সভায় উপস্থাপন করবেন।	উপজেলা প্রকৌশলী, বাজিতপুর।
২৭	চেয়ারম্যান, গাজিরচর ইউপি	চেয়ারম্যান গাজিরচর ইউপি বলেন যে, গাজীরচর থেকে বলিয়ারদী যাওয়ার রাস্তাটির আখড়া মোড়ে রাস্তার ঠিক মাঝ বরাবর একটি বিদুৎ এর খুটি স্থাপন করা হয়েছে। ফলে প্রায় সময় বিভিন্ন যানবাহন উক্ত খুটির সাথে দূর্ঘটনা ঘটছে। তাই তিনি দুর্ঘটনা প্রতিরোধে উক্ত খুটিটি রাস্তা থেকে অপসারণ করার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	গাজিরচর-বলিয়ারদী রাস্তার আখড়া মোড়ে রাস্তার মাঝ বরাবর বৈদ্যুতিক খুটিটি জরুরিভিত্তিতে অপসারণ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, বিউবো, বাজিতপুর/ডিজিএম, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২, কুলিয়ারচর জোনাল অফিস।
২৮	চেয়ারম্যান কৈলাগ ইউপি	চেয়ারম্যান কৈলাগ ইউপি জানান যে, কৈলাগ ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন কার্যক্রম ধীরগতিতে চলছে। তাছাড়া ইংরেজী ভার্সনে জন্ম নিবন্ধন সনদ প্রয়োজন হওয়ায় জটিলতা আরো বৃদ্ধি পেয়েছে। তিনি এই সকল জটিলতা দূর করে জন্ম নিবন্ধন কার্যক্রমে গতিশীলতা আনয়নে পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।	জন্ম নিবন্ধন কার্যক্রমের ধীরগতির বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ অবগত আছেন।	চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর।
২৯	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর সভায় নবনির্বাচিত সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জানান। তিনি সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে না। এ সকল সভা নিয়মিত করার জন্য তিনি সকল কমিটির সদস্য সচিব ও সদস্যগণকে অনুরোধ করেন।	১। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। ২। উপজেলা পরিষদের স্থায়ী কমিটিসমূহের সভা নিয়মিতভাবে আয়োজন করতে হবে।	১। স্থায়ী কমিটির সভাপতিবৃন্দ, বাজিতপুর। ২। ইউপি চেয়ারম্যান (সকল), বাজিতপুর।

পরিশেষে সভাপতি নবনির্বাচিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে স্বাগত জানিয়ে বলেন যে, সকল ইউনিয়নের কার্যক্রম নব উদ্যামে সুন্দর ও সুশৃঙ্খলভাবে পরিচালনা করে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন করার অনুরোধ করেন। তাছাড়া তিনি বলিয়ারর্দী ইউনিয়ন পরিষদের পুরাতন ভবনটি পরিত্যাক্ত ঘোষণা করে উক্ত স্থানে একটি গণশৌচাগার নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী, বাজিতপুরকে অনুরোধ করেন। তাছাড়া সকল দপ্তর প্রধানগণকে সহযোগিতার মাধ্যমে কাজ যথাসময়ে সম্পাদন করার জন্য অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০০.০৩.০০৭.১৪-১৪৬ তারিখ : ১০.০২.২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ১৬৬, বাজিতপুর-নিকলী, কিশোরগঞ্জ-৫।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মনিটরিং, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

৬. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কিশোরগঞ্জ।
৮. সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
৯. নির্বাহী প্রকৌশলী (বিউবো), কিশোরগঞ্জ।
১০. মেয়র, বাজিতপুর পৌরসভা।
১১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বাজিতপুর উপজেলা পরিষদ।
১২. উপজেলা .... কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৩. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৪. জনাব ....।

১০.০২.২২

মোছাঃ মোরশেদা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ

CamScanner